

অশ্র

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ অশ্র

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ৫ মায়েরা, আয়াতঃ ৮৩

وَإِذَا سَمِعُوا مَا أُنزِلَ إِلَى الرَّسُولِ تَرَىٰ أَعْيُنُهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ مِمَّا عَرَفُوا مِنَ
الْحَقِّ

অর্থঃ আর রাসুলের কাছে যা অবতীর্ণ হয়েছে তা যখন তারা (আহলে কিতাবের কিছু লোক) শ্রবণ করে তখন তুমি দেখতে পাও যে, তাদের অশ্র বইছে, এ কারণে যে তারা সত্য উপলব্ধি করতে পেরেছে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ৯ আত তাওবাহ, আয়াতঃ ৯২

تَوَلَّوْا وَأَعْيُنُهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ حَزَنًا أَلَّا يَجِدُوا مَا يُنْفِقُونَ (92)

অর্থঃ তখন তারা এমন অবস্থায় ফিরে যায় যে, তাদের চক্ষু সমূহ হতে অশ্রু বহিতে থাকে এই অনুতাপে যে, তাদের ব্যয় করার মত কোন সম্বল নেই।

সুরা মায়েদার আয়াতটিতে ইখিওপিয়ার বাদশাহ্ নাজ্জাসী রাসুল(সাঃ) এর কাছে একটি খৃষ্টান প্রতিনিধিদল পাঠিয়েছিলেন। তারা রাসুলের মুখে পবিত্র কোরআন শুনে অশ্রুসিক্ত হয় এবং ইসলাম গ্রহণ করেন। বাদশাহ্ নাজ্জাসীও মুসলমান হয়েছিলেন।

সুরা তওবার আয়াতটিতে কিছু মু'মিন গরীব লোক তাবুক যুদ্ধে যাওয়ার জন্য বাহন জোগাড় করতে পারছিলেন না। তারা রাসুল(সাঃ) এর কাছে বাহন চেয়েছিলেন। রাসুল(সাঃ) বাহন দিতে অপারগতা প্রকাশ করলেন। তখন তারা কাঁদতে কাঁদতে ফিরে গেল। তাবুক যুদ্ধ ছিল তৎকালীন পরাশক্তি রোমকদের বিরুদ্ধে। বিনা যুদ্ধেই মুসলমানদের জয় হয়েছিল। কারন রোমকরা ভয়ে ২ লক্ষ সেনা নিয়েও যুদ্ধে অবতীর্ণ হয়নি। মুসলমানদের সৈন্য ছিল মাত্র ৩০,০০০।

প্রিয় ভাই ও বোনেরা, মুঃমিনদের অশ্রু আল্লাহর কাছে
অধিক প্রিয়। আসুন আমরা গোপনে কেঁদে কেঁদে আল্লাহর
কাছে ক্ষমা চাই এবং দ্বীন পরিপালনের উপর অবিচল
থাকি।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ।

.....

clickhere<http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>